**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২০-১৬৭

তারিখ: ০৪ চৈত্র ১৪২৬ / ১৮ মার্চ ২০২০

বিষয়: জনস্বাস্থ্য নিরাপদ রেখে নির্বাচনি প্রচারণা পরিচালন

২১ মার্চ ২০২০ তারিখে জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩, ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ শূন্য আসনের উপ-নির্বাচন এবং ২৯ মার্চ ২০২০ তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন, জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ শূন্য আসনের উপ-নির্বাচনসহ কয়েকটি উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং শূন্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে করোনা সংক্রামিত দেশ থেকে ফেরত আসা কয়েকজন বাংলাদেশী নাগরকিকে ঢাকায় নিবিড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা প্রদান করা হচ্ছে এবং তাদের মধ্য থেকে কয়েকজন সুস্থ হয়ে গেছেন। এ পরিস্থিতিতে স্বাস্থ্য মন্ত্রণালয় বা এর অধিনস্থ বিভাগ/অধিদপ্তর/দপ্তর থেকে আতঙ্কগ্রস্থ না হয়ে সচেতন এবং সতর্ক থাকার পরামর্শ দেয়া হচ্ছে।

০২। নির্বাচন কমিশন তপসিলভূক্ত নির্বাচনসমূহ বন্ধ করার কোন সিদ্ধান্ত গ্রহণ করেনি। স্বাস্থ্য মন্ত্রণালয়/বিভাগের পরামর্শ মতে নির্বাচন সংশ্লিষ্ট কার্যক্রমে জনস্বাস্থ্য নিরাপদ রাখার লক্ষ্যে নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে সভা, সমাবেশ, জমায়েত ইত্যাদি যতদুর সম্ভব পরিহার করার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীদেরকে পরামর্শ দেয়া হলো। এগুলোর বিকল্প উপায়ে ব্যক্তিগত যোগাযোগ বা আইনানুগ অন্য কোন পন্থা বা পদ্ধতিতে নির্বাচনি প্রচারণা করার জন্যও তাদেরকে অনুরোধ করা হলো।

০৩। করোনা সংক্রামণ আক্রান্ত দেশ থেকে আগত কোন ভোটারকে নির্বাচন প্রচারণায় অংশ নিতে এবং ভোট কেন্দ্রে গমনে নিষেধাজ্ঞা জারি করা এবং তা কার্যকরি করার জন্য স্থানীয় প্রশাসনকে অনুরোধ করা হলো।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদেরকে লিখিতভাবে পরামর্শ দেয়ার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হ'ল।

১৮/০৩/২০২০
(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক................................... (সংশ্লিষ্ট)
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা....................... (সংশ্লিষ্ট)
৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার
যশোর/বগুড়া/গাইবান্ধা ও রিটার্নিং অফিসার
৬। ........................................ অফিসার ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২০-১৬৭

তারিখ: ০৪ চৈত্র ১৪২৬ / ১৮ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৪. উপমহাপুলিশ পরিদর্শক, ......................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ......................... (সংশ্লিষ্ট)
৬. পুলিশ সুপার, ......................................... (সংশ্লিষ্ট)
৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার ......................... (সংশ্লিষ্ট)
৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)

১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১. উপজেলা নির্বাচন অফিসার, ......................... (সংশ্লিষ্ট)।

২৮/০৬/২০২০

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮